তারিখ 14/3/79
পৃষ্ঠা 8 ২





## আজ পল্লী কবি জসীমউদ্দিনের মৃত্যুবার্ষিকী

(ইত্তেফাক রিপোর্ট)

আজ (বুধবার) কবি জসীমউদ্দিনের তৃতীয় মৃত্যুবার্ষিকী। আন্তর্জাতিক খ্যাতির অধিকারী অমর প্রতিভা পল্লী কবি জসিমউদ্দিনের মৃত্যুবার্ষিকী উদযাপন উপলক্ষে বাংলা একাডেমীসহ অনুরূপ জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানগুলির কোন উদ্যোগ পরিলক্ষিত হইতেছে না। তবে বিশেষতঃ কবি পরিবারের পৃষ্ঠপোষকতায় সম্প্রতি গঠিত 'কবি জসীমউদ্দীন একাডেমী'র উদ্যোগে আজ বিকাল ৪টায় বাংলা একাডেমী প্রাঙ্গণে এক আলোচনা সভা ও সঙ্গীতানুষ্ঠানের আয়োজন করা হইয়াছে।

অধ্যাপক মুহম্মদ মনসুর উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিতব্য এই অনুষ্ঠানে ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রী জনাব শামসুল হুদা চৌধুরী এবং কবি আবদুল কাদির যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকিবেন।

### স্মারক ডাক টিকিট

ডাক বিভাগ কবি জসীমউদ্দিনে তৃতীয় মৃত্যু বার্ষিকী উপলক্ষে আজ (বুধবার) ৪০ পয়সা মূল্যের স্মারক ডাকটিকিট ও ১ টাকা মূল্যের উদ্বোধনী খাম প্রকাশ করিবে। এই ডাক টিকিট আজ হইতে ঢাকার জিপিও ফিলাটেলিক ব্যুরো, খুলনা জিপিও, চট্টগ্রাম, কুমিল্লা, সিলেট, রাজশাহী, যশোর এবং বগুড়ার প্রধান ডাকঘরসমূহের ফিলাটেলিক কাউন্টারে বিক্রয় হইবে। আলোচ্য খামের উপর ব্যবহারের জন্য উল্লিখিত ডাকঘরসমূহে আজ বিশেষ সীলমোহরের ব্যবস্থা থাকিবে।